অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/1/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 6ষ্ঠ বার্ষিক 43NORTH প্রতিযোগিতার নির্বাচিত চূড়ান্ত প্রতিযোগিদের নাম ঘোষণা করেছেন

1 মিলিয়নের গ্র্যান্ড প্রাইজ সহ, 5 মিলিয়ন মার্কিন ডলারের একটি অংশ জয়ের উদ্দেশ্যে উপস্থিতি সারা বিশ্ব থেকে 16টি স্টার্টআপ

উদ্বোধনী "স্টার্টআপ উন্মাদনা ব্র্যাকেট চ্যালেঞ্জ" 43North সমর্থকদের 30 অক্টোবরে অনুষ্ঠিতব্য ফাইনালে তাদের প্রিয় দলকে বাছাই করার সুযোগ দেয়

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ এই বছরের 43North প্রতিযোগিতার 16 জন চূড়ান্ত প্রতিযোগীর নাম ঘোষণা করেছেন যারা এ মাসের আর পরবর্তীতে 1 মিলিয়ন মার্কিন ডলারের শীর্ষ প্রাইজ সহ, আটটি বিনিয়োগের মধ্যে একটি জয়ের উদ্দেশ্যে বাফেলোতে আসবে, যার সর্বমোট মূল্য 5 মিলিয়ন মার্কিন ডলার। এই স্টার্টআপগুলো মার্কিন যুক্তরাষ্ট্র, পাশাপাশি কানাডা ও পোল্যান্ড থেকে এসেছে, এবং সফটওয়্যার প্ল্যাটফর্ম থেকে, মেডিকেল ডিভাইস, ভোক্তা পণ্য এবং কৃত্তিম বুদ্ধিমত্তা পর্যন্ত বিভিন্ন বিস্তৃত শিল্প এর মধ্যে অন্তর্ভুক্ত।

"43North আরো একবার বিশ্বের কিছু শীর্ষ স্টার্টআপকে এই অঞ্চলে এনে পশ্চিম নিউ ইয়র্কের অর্থনৈতিক উন্নয়নকে সহায়তা করছে", **গভর্নর কুওমো বলেন**। "সাফল্য এবং কর্ম প্রবৃদ্ধির জন্য বাফেলোর সুনাম এই অঞ্চলে নতুন উদ্দীপনা এনেছে এবং এই উজ্জ্বল উদ্ভাবকরা প্রতিযোগিতার ক্ষেত্রে কী নিয়ে আসতে সক্ষম হয় তার প্রত্যাশায় রয়েছি।"

চূড়ান্ত প্রার্থীদেরর নাম সাবেক বাফেলো বিল ব্রডকাস্টার, জন মারফি কর্তৃক (716) ফুড অ্যান্ড স্পোর্ট-এ 43North-এর প্রাক্তন শিক্ষার্থী, পরামর্শদাতা, বিচারক এবং কমিউনিটি অংশীদারদের ভিড়ের মধ্যে থেকে সরাসরি ঘোষণা করা হয়েছিল। 43North এ বছর প্রথম স্টার্টআপ উন্মাদনা ব্র্যাকেট চ্যালেঞ্জ আয়োজন করছে। সবাই এই ফ্রি চ্যালেঞ্জে অংশগ্রহণের জন্য আমন্ত্রিত, যেখানে অংশগ্রহণকারীরা 10টি স্টার্টআপের মধ্যে কারা মঞ্চে প্রতিযোগিতা করবে, কোন আটটি বিনিয়োগ পাবে, এবং কোন কোম্পানিটি 1 মিলিয়ন মার্কিন ডলারের শীর্ষ বিনিয়োগটি পাবে তা নির্ধারণ করবেন।

"আমরা আন্তর্জাতিকভাবে স্বীকৃত 43North প্রতিযোগিতা-র মাধ্যমে উদ্ভাবনের গতি অব্যাহত রেখে চলেছি, এবং আমি চূড়ান্ত প্রতিযোগী সবাইকে অভিনন্দন জানাই", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "প্রতিযোগিতাটি বিশ্বর সেরা এবং উজ্জ্বলতম আশাবাদী উদ্যোক্তাদের বাফেলোতে

আকৃষ্ট করছে, যা নতুন কাজের সুযোগ তৈরি করে এবং পশ্চিম নিউ ইয়র্কের অর্থনীতিকে অনুপ্রেরণা প্রদান করে।"

এই বছরের অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা একটি সম্পূর্ণ-নতুন সেট, নতুন বিচারক, এবং অনুষ্ঠান চলাকালে ঘটনার কিছু অপ্রত্যাশিত মোড় সহ পুনঃসজ্জিত একটি অনুষ্ঠান আশা করতে পারেন। 1 মিলিয়ন মার্কিন ডলারের গ্র্যান্ড প্রাইজ এবং সাতটি 500,000 মার্কিন ডলারের প্রাইজ ছাড়াও আগের বছরগুলোর মত, বিজয়ীরা, সেনেকা ওয়ান টাওয়ারে 43North-এর নতুন ইনকিউবেটর-এ বিনামূল্যে স্থান, তাদের নিজ নিজ ক্ষেত্রে অভিজ্ঞ মেন্টরদের কাছ থেকে পথনির্দেশনা, এবং অন্যান্য ব্যবসায়িক উৎসাহ প্রোগ্রামে প্রবেশাধিকার পাবে।

43North-এর সভাপতি অ্যালেক্স গ্রেস বলেন, "ষষ্ঠ 43North উপলক্ষ্যে, আমরা সবকিছুকে একটি আনন্দদায়ক করতে বাড়তি প্রচেষ্টা করেছিলাম এবং বাফেলোতে 5 মিলিয়ন মার্কিন ডলারের ভাগ নিতে চূড়ান্ত প্রতিযোগীদের আগমন বিষয়ে কমিউনিটিকে উজ্জীবিত করতে চেয়েছিলাম। বাফেলো নিবেদিতপ্রাণ ক্রীড়া অনুরাগীদের একটি শহর, তাই আমরা ভক্তকূলদের এই উন্মাদনায় অবদান রাখতে 'স্টার্টআপ ম্যাডনেস ব্র্যাকেট চ্যালেঞ্জ'-এর মাধ্যমে আমাদের চূড়ান্ত প্রতিযোগিতার ঘোষণায় প্রাসঙ্গিক ব্যখ্যা রেখেছিলাম।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক জে. গার্টলার বলেন, "সর্বাধুনিক ব্যবসা-বাণিজ্যকে আকর্ষণ করে এবং অতঃপর তাদের বিকাশ ও উদ্ভাবনের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করার মাধ্যমে 43North প্রতিযোগিতার এই ষষ্ঠ পর্বটি অনুপ্রাণিত করা পশ্চিম নিউ ইয়র্কের অর্থনৈতিক পুনরুত্থানকে আরও শক্তিশালী করে তুলবে।"

43North ফাইনালে বিনামূল্যে উপস্থিত হওয়া যাবে, তবে নিবন্ধন করতে হবে এবং আগে আসলে আগে পাবেন ভিত্তিতে আসন বরাদ্দ করা হবে। 30 অক্টোবর সন্ধ্যা 6টায় শে'স পারফর্মিং আর্টস সেন্টার (Shea's Performing Arts Center)-এ অনুষ্ঠিতব্য 43North ফাইনালের ফ্রি টিকেট 43North.org এ সংরক্ষণ করা যাবে। স্টার্টআপ উন্মাদনা ব্র্যাকেট চ্যালেঞ্জ-এ অংশ নিতে ভিজিট করুন 43North.org এবং পেগুলা ক্রিড়া ও বিনোদন (Pegula Sports & Entertainment) এর সৌজন্যে বাফেলো সেবার গেইম (Buffalo Sabres Games) ও অন্যান্য VIP বাড়তি সুবিধা পেতে অক্টোবর 28 তারিখের মধ্যে একটি ব্র্যাকেট পূরণ করুন।

2019 সালের 43North-এর চূড়ান্ত প্রতিযোগীরা হচ্ছে:

ব্রিজকেয়ার (BridgeCare)-সিয়াটল, ওয়াশিংটন
প্রতিষ্ঠাতা: জেমি হার্বার্ট
ওয়েবসাইট: https://www.getbridgecare.com/

ব্রিজকেয়ার এআই-চালিত একটি সহ-অভিভাবক: কর্মজীবি বাবা-মায়ের হয়ে কাজের চাপ কমিয়ে দেবার সুবিধা। অব্যবহৃত কর সুবিধার সুযোগ কাজে লাগিয়ে, 'ব্রিজকেয়ার' প্রতিটি নিয়োগকর্তাকে বিহ্বল করে দেয়া তত্ত্বধান সংক্রান্ত চ্যালেঞ্জগুলো -যা ইতিমধ্যে 50% মিলেনিয়ালসদের চাকরি ছেড়ে চলে যেতে বাধ্য করেছে- তার সমাধান করা সহজ এবং সাশ্রয়ী করে তোলে।

চার্মটেক ল্যাব (Capti)-স্টোনি ব্রুক, নিউ ইয়র্ক (43North-এ আবেদন করার প্রেক্ষিতে বাফেলোতে স্থানান্তরিত হয়েছে)
প্রতিষ্ঠাতা: ইয়েভগেন বোরোডিন
ওয়েবসাইট: https://www.captivoice.com/capti-site//

ক্যাপটি-এর লক্ষ্য হচ্ছে মানুষকে আরও কার্যকরভাবে তথ্য প্রক্রিয়া করতে এবং শিক্ষাগত অক্ষমতা এবং ভাষাগত বাধা অতিক্রম করতে সাহায্য করা, এবং পাঠকে আরও মিথস্ক্রিয় এবং অংশগ্রহণমূলক করে তোলা। আমাদের পণ্য, ক্যাপটি ভয়েস (Capti Voice), শিক্ষা বিষয়ক একটি সহায়তা সরঞ্জাম যা সকল ধরনের দক্ষতার শিক্ষার্থীদের জন্য শিক্ষনকে ব্যক্তিগতকরণ করতে শিক্ষকদের সক্ষম করে এবং আরও স্বয়ংসম্পূর্ণ হয়ে উঠতে শিক্ষার্থীদের সহায়তা করে।

সার্কিট ক্লিনিকাল (ট্রায়ালস্কাউট)-বাফেলো, নিউ ইয়র্ক
প্রতিষ্ঠাতা: ইরফান খান
ওয়েবসাইট: http://www.circuitclinical.com/

সার্কিট ক্লিনিকাল (Circuit Clinical) মার্কিন যুক্তরাষ্ট্রের বৃহত্তম সমন্বিত গবেষণা সংস্থা একটি, এবং তার ক্লিনিকাল সেবা দল (Clinical Services Team) এবং রোগীর প্ল্যাটফর্ম ট্রায়ালস্কাউট (TrialScout)-এর মাধ্যমে, ক্লিনিক্যাল গবেষণাকে তত্ত্বাবধান সুবিধা হিসেবে বাছাই করে নিতে সমর্থ করে।

কুরিয়াটো (Curiato)-কিচেনার, অন্টারিও, কানাডা
সহ-প্রতিষ্ঠাতা: মোয়াজেম খান এবং জিয়েদ ইতলেব
ওয়েবসাইট: https://www.curiato.com/

কুরিয়াটো হল একটি ক্লিনিকাল পর্যায়ের ডেটা সায়েন্স সংস্থা যা শয্যাক্ষত, বেডফল, অনিয়ন্ত্রন মূত্রথলি ইত্যাদির মতো হাসপাতাল থেকে প্রাপ্ত ব্যয়বহুল এবং বিপজ্জনক অবস্থার বিরুদ্ধে প্রতিরোধের জন্য প্রথম ত্বকের ডেটা প্ল্যাটফর্ম তৈরি করেছে।

এক্সিট 7C (Exit 7C)-মিলওকি, উইসকন্সিন
প্রতিষ্ঠাতা: ব্লেসিং এবগন
ওয়েবসাইট: https://exit7c.com/

পরিবহন বহর-এ জ্বালানি, রক্ষণাবেক্ষণ, এবং পরিপালন সার্ভিসকে সুষ্ঠুভাবে সরবরাহ করার জন্য এক্সিট 7C প্রযুক্তির সুবিধাকে কাজে লাগায়। সরবরাহ, পরিকল্পনা, ইনভেন্টরি ব্যবস্থাপনা, এবং

বিলিং-কে দক্ষ করতে ব্যক্তিগত সফটওয়্যার ব্যবহার করার মাধ্যমে, এটি 34টিরও বেশি শহরে, একদম তাদের কর্মক্ষেত্রে, বহরগুলিতে তেল পরিবর্তন, টায়ার প্রতিস্থাপন, গাড়ি ধোওয়া এবং আরো অন্যান্য পরিষেবা সরবরাহ করে।

গ্লেইজ প্রোস্থেটিকস (Glaze Prosthetics)-ক্র্যাকাও, পোল্যান্ড
প্রতিষ্ঠাতা: পিওতর সাজডাক
ওয়েবসাইট: https://glazeprosthetics.com/

গ্লেইজ প্রোস্থেটিক্সের লক্ষ্য হল ব্যবহারকারীর স্টাইল, ভিশন এবং ব্যক্তিত্বের প্রতিফলন ঘটায় এমন কাস্টমাইজড প্রস্থেটিকস তৈরি করা। বিশ্বব্যাপী গ্লেইজ বর্তমানে একমাত্র কোম্পানী যা অঙ্গহানি হওয়া ব্যক্তিকে তার প্রস্থেটিক বাহুর পরিশোধনের মডেল, রঙ, এবং ধরণ বেছে নিতে দেয়, যা এই ধরনের গতানুগতিক উৎপাদিত প্রস্থেটিক অঙ্গগুলির সীমাবদ্ধতা থেকে তাদের মুক্তি দেয়।

গ্রুপরেইজ (GroupRaise)-হিউস্টন, টেক্সাস
প্রতিষ্ঠাতা: ডেভিন ব্যাপ্টিস্ট
ওয়েবসাইট: https://www.groupraise.com/

গ্রুপরেইজ একটি মার্কেটপ্লেস যেটি 20-200 জন মানুষকে, বিক্রির একটি অংশ দান করতে ইচ্ছুক এমন রেস্তোরাঁগুলিতে আসন সংরক্ষণ করতে সাহায্য করে।

হোটেলসবাইডে(HotelsByDay)-নিউ ইয়র্ক, নিউ ইয়র্ক
প্রতিষ্ঠাতা: ইয়ানিস মোয়াতি
ওয়েবসাইট: https://www.hotelsbyday.com/

হোটেলসবাইডে একটি মার্কেটপ্লেস যেটি হোটেলের দিবস রুম তালিকা এবং সহজে বুকিং সুবিধাকে উন্মুক্ত করে। 4 বছরে 99,000 এরও অধিক সম্পন্ন বুকিংয়ের মাধ্যমে, হোটেলবাইডে একটি রাজস্ব আয় বৃদ্ধি, অব্যবহৃত রুম থেকে আয়, হোটেল গ্রাহক পাওয়ার ব্যয় কমানো এবং অতিথির অভিজ্ঞতা উন্নত করার একটি প্রমাণিত সমাধান।

পিনাট বাটার (Peanut Butter)-শিকাগো, ইলিনয়
প্রতিষ্ঠাতা: ডেভিড অ্যারোনসন
ওয়েবসাইট: https://www.getpeanutbutter.com/

পিনাট বাটার কোম্পানিগুলোকে চাকরি সুবিধা হিসেবে শিক্ষার্থী ঋণ সুবিধার প্রস্তাবে সহায়তা করে। তাদের কর্মীদের আর্থিক ভবিষ্যতের উপর একটি ইতিবাচক প্রভাব রাখা এবং আমেরিকার 1.5 ট্রিলিয়ন মার্কিন ডলারের শিক্ষার্থী ঋণ সংকটের সমাধানে অবদান রাখার পাশাপাশি শিক্ষার্থীদের ঋণ সহায়তার প্রস্তাব দেয়া নিয়োগকারীরা দ্রুত নিয়োগ দিতে, মেধাবীদের দীর্ঘ সময় ধরে রাখতে এবং বৈচিত্র্য বাড়াতে সক্ষম হয়।

পকেটস্যুট (PocketSuite)-সান ফ্রান্সিসকো, ক্যালিফোর্নিয়া
প্রতিষ্ঠাতা: চিনউই অনইয়েগোরো
ওয়েবসাইট: https://pocketsuite.io/

তাদের ক্লায়েন্টদের জন্য নিয়মিত বুক এবং অর্থ পরিশোধ সহজ করার মাধ্যমে পকেটস্যুট যেকোনো সলোপ্রনিওরকে (Solopreneur) জীবিকা নির্বাহ করতে সাহায্য করে। আপনি আপনার সমস্ত ক্লায়েন্ট তথ্য দেখতে এবং অ্যাপয়েন্টমেন্ট বুক করতে, টাকা পেতে এবং আপনার ব্যবসা পরিচালনা করতে পারেন শুধুমাত্র একটি স্মার্টফোন থেকে।

পাবলিক গুডস (Public Goods)-নিউ ইয়র্ক, নিউ ইয়র্ক
প্রতিষ্ঠাতা: মর্গ্যান হার্শ
ওয়েবসাইট: https://www.publicgoods.com/

ব্যক্তিগত যত্ন থেকে শুরু করে বাসাবাড়ির পণ্য থেকে ভাইটামিন এবং খাদ্য পর্যন্ত, একটি মাত্র জায়াগায় প্রতিটি অপরিহার্য পণ্যের একটি মাত্র সংস্করণ। আমাদের পণ্য স্বাস্থকর, উচ্চমানের, টেকসই এবং অত্যন্ত সাশ্রয়ী।

র‍্যালি (Rally)-নিউ ইয়র্ক, নিউ ইয়র্ক
প্রতিষ্ঠাতা: নুমান আকরাম
ওয়েবসাইট: https://rally.co/

র‍্যালি এমন একটি প্রযুক্তি প্ল্যাটফর্ম যা মানুষকে নিজ থেকে একত্রিত হতে এবং চাহিদা অনুযায়ী বাসে যাত্রা করতে সক্ষম করার মাধ্যমে হাজার হাজার আরোহীকে এক জায়গা থেকে আরেক জায়গায় নিয়েছে। শোভাযাত্রা পপ-আপ গণপরিবহন সমাধান তৈরি করে, যা বেসরকারি বাস শিল্পের জন্য নতুন চাহিদা তৈরি করে। র‍্যালির বহুমুখী মার্কেটপ্লেসে প্রাথমিক সুবিধাভোগীরা হল-আরোহী, বাস অপারেটর, ইভেন্টগুলো।

র‍্যাংকসায়েন্স (RankScience)-সান ফ্রান্সিসকো, ক্যালিফোর্নিয়া
প্রতিষ্ঠাতা: রায়ান বেডনার
ওয়েবসাইট: https://www.rankscience.com/

র‍্যাংকসায়েন্স একটি সার্চ এঞ্জিন অপ্টিমাইজেশন (Search Engine Optimization, SEO) স্বয়ংক্রিয়করণ এবং স্প্লিট-টেস্টিং (Split-Testing) প্ল্যাটফর্ম। সফটওয়্যারটি বৃহৎ ওয়েবসাইটকে গুগল থেকে অর্গ্যানিক অনুসন্ধান বৃদ্ধি করাতে অবিরাম অপ্টিমাইজ করতে থাকে। সার্চ এঞ্জিন অপ্টিমাইজেশনকে যে সকল ব্যবসা প্রতিষ্ঠান গুরুত্বপূর্ণ মনে করে তারা প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ ব্যবহারের উদ্দেশ্যে (In-House) তাদের নিজস্ব SEO A/B পরীক্ষার সফটওয়্যার তৈরি করতে পারে, অথবা তারা কোনো প্রকার প্রকৌশলগত সংস্থান নিয়োগ না করে আমাদের সফটওয়্যার ক্রয় করতে পারে।

রোবোডাব (Robodub)–সিয়াটল, ওয়াশিংটন
প্রতিষ্ঠাতা: পারমিন্দর দেবসি
ওয়েবসাইট: https://www.robodub.com/

রোবোডাব নির্ধারিত গন্তব্যে পৌছানোর লজিস্টিক্স সমস্যা (Last mile logistics problem)-র সমাধান করছে পেটেন্টের জন্য অপেক্ষমান থাকা একটি ড্রোন প্রযুক্তির মাধ্যমে। আমাদের ড্রোন একাধিক চালান (Payload), গতিশীল/শিফটিং চালান বহন করতে পারে, এবং তীব্র আবহাওয়ায় উড়তে পারে। আমাদের গ্রাহক তালিকায় মার্কিন নৌসেনা, সেনাবাহিনী, স্পেশাল অপারেশন বাহিনী, বিমান বাহিনী রয়েছে।

স্ট্রেয়োস (Strayos)–সেইন্ট লুই, মোজৌরি
প্রতিষ্ঠাতা: রবি সাহু
ওয়েবসাইট: https://www.strayos.com/

অবকাঠামোগত প্রকল্পের জন্য অপটিমাইজড ড্রিল/বিস্ফোরণ এবং প্রাক-খনন উপ-পৃষ্ঠের বস্তু শনাক্তকরণের উদ্দেশ্যে খনন কার্যক্রমের ব্যয় হ্রাস এবং দক্ষতা উন্নত করতে স্ট্রেয়াস হল একটি ভিজ্যুয়াল কৃত্তিম বুদ্ধিমত্তা (AI) প্ল্যাটফর্ম।

হুজ ইউর ল্যান্ডলর্ড (Whose Your Landlord)–নিউ ইয়র্ক, নিউ ইয়র্ক
প্রতিষ্ঠাতা: ওফো এজয়েগয়ু
ওয়েবসাইট: https://www.whoseyourlandlord.com/

হুজ ইউর ল্যান্ডলর্ড একটি (Software as a service, SaaS) প্ল্যাটফর্ম যেটি ভাড়াটিয়া কমিউনিটিকে বাড়িওয়ালার রিভিউ এবং আবাসন শিক্ষা উপকরণ সম্পর্কে অবগত করতে সহায়তা করে। আমাদের লক্ষ্য আবাসন বাজারে স্বচ্ছতা বৃদ্ধি করা, এবং যাচাইকৃত পর্যালোচনা এবং অনলাইন আবেগ বিশ্লেষণ সফ্টওয়্যারের মাধ্যমে ভাড়াটে এবং আবাসন সরবরাহকারীদের মধ্যে যোগাযোগের ব্যবধান পূরণ করা।

43North সম্পর্কে আরও তথ্যের জন্য 43north.org ভিজিট করুন।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন